গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দুর্গাপুর, নেত্রকোণা।

স্মারক নং-০৫.৪৫.৭২১৮.০০০.৯৯.০০১.২৪-১২০,

তারিখঃ ২৫ জানুয়ারি, ২০২৪

ঃ হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি ঃ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দুর্গাপুর উপজেলাধীন নিম্ন বর্ণিত হাট-বাজার সমূহ ১৪৩১ বঙ্গাব্দে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী প্রার্থীদের নিকট থেকে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র নির্ধারিত মূল্যে জেলা প্রশাসকের কার্যালয়; নেত্রকোণা, অত্র কার্যালয়; সহকারী কমিশনার (ভূমি), দুর্গাপুর, নেত্রকোণার কার্যালয়; দুর্গাপুর থানা ও সোনালী ব্যাংক, দুর্গাপুর শাখা হতে নিম্ন বর্ণিত তারিখে ক্রয় করা যাবে এবং জেলা প্রশাসকের কার্যালয়; পুলিশ সুপারের কার্যালয়, নেত্রকোণা, অত্র কার্যালয় ও সহকারী কমিশনার (ভূমি), দুর্গাপুর, নেত্রকোণার কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে নির্ধারিত তারিখে দুপুর ০১.০০ টার মধ্যে দরপত্র দাখিল করতে হবে এবং দাখিলকৃত দরপত্র নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দরপত্র দাখিলের দিন অপরাহ্ন ০৩-০০ টার সময় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

দরপত্র বিক্রয় ও জমা দেয়ার তারিখ

| দরপত্রের বিবরণ | দরপত্র ক্রয়ের শেষ তারিখ | দরপত্র জমার তারিখ |
|---|---|---|
| ১ম বার | ১৮ ফেব্রুয়ারি, ২০২৪/ ০৫ ফাল্গুন, ১৪৩০ | ১৯ ফেব্রুয়ারি, ২০২৪/ ০৬ ফাল্গুন, ১৪৩০ |
| ২য় বার | ০৩ মার্চ, ২০২৪/ ১৯ ফাল্গুন, ১৪৩০ | ০৩ মার্চ, ২০২৪/ ১৯ ফাল্গুন, ১৪৩০ |
| ৩য় বার | ১৮ মার্চ, ২০২৪/ ০৪ চৈত্র, ১৪৩০ | ১৯ মার্চ, ২০২৪/ ০৫ চৈত্র, ১৪৩০ |

| ক্রমিক নং | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | কাংখিত ইজারা মূল্য | দরপত্র ফরমের মূল্য |
|---|---|---|---|---|
| (০১) | (০২) | (০৩) | (০৪) | (০৫) |
| ১. | বিপিনগঞ্জ | কুল্লাগড়া | ৬,৪৫৭/- | ৫০০/- |
| ২. | মেনকি | দুর্গাপুর | ৪০২/- | ৫০০/- |
| ৩. | লক্ষ্মিপুর | দুর্গাপুর | ৬,৩২৫/- | ৫০০/- |
| ৪. | কালিকাপুর | দুর্গাপুর | ৩,৮৮৩/- | ৫০০/- |
| ৫. | মধুয়াকোণা | চন্ডিগড় | ১,৩০১/- | ৫০০/- |
| ৬. | বড়ইউন্দ | চন্ডিগড় | ৮,৭৪৫/- | ৫০০/- |
| ৭. | চন্ডিগড় | চন্ডিগড় | ৬২৩/- | ৫০০/- |
| ৮. | ফেচিয়া-পাথারিয়া | চন্ডিগড় | ১৮৩/- | ৫০০/- |
| ৯. | কাপাশাটিয়া | বিরিশিরি | ৫১,৮৩৪/- | ৫০০/- |
| ১০. | কুমুদগঞ্জ | বাকলজোড়া | ১৬,২৯,৬৫০/- | ৪,০০০/- |
| ১১. | গুজিরকোণা | বাকলজোড়া | ২,০৫৪/- | ৫০০/- |
| ১২. | আব্বাছ নগর | বাকলজোড়া | ২১,৬৭০/- | ৫০০/- |
| ১৩. | ঝাঞ্জাইল | কাকৈরগড়া | ২৪,১২,৮১৯/- | ৫,৬০০/- |
| ১৪. | দক্ষিণ লক্ষ্মিপুর | কাকৈরগড়া | ৩৬৬/- | ৫০০/- |
| ১৫. | কৃষ্ণেরচর | কাকৈরগড়া | ৩৬৬/- | ৫০০/- |
| ১৬. | কৃষ্ণপুর | গাঁওকান্দিয়া | ৪,৫০৫/- | ৫০০/- |
| ১৭. | গাঁওকান্দিয়া বাজার | গাঁওকান্দিয়া | ১৪,৩৪১/- | ৫০০/- |

১৪৩১ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলীঃ

০১. বাংলা ১৪৩১, ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

০২. দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর,নেত্রকোণা-এর অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে। এর অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

০৩. যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রের উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সাথে পরিশোধ করতে হবে অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ৩(তিন) বৎসরের গড় ইজারামূল্য হতে কম হয় তাহলেপুনরায় দরপত্র আহবান করা হবে।

০৫. এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবেনা। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবেনা। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভূক্ত বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবেনা।

০৬. খামের উপর দরপত্রদাতার নাম,ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭. সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবেনা। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্হানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্হা করবেন।

০৮. প্রত্যেক বাজারের জন্য সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯. ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১০. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারাচুক্তি সম্পাদন করতে হবে।

১১. দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২. ইজারাদার নিজ খরচে বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪. কোন প্রকার ঘষা-মাজা,কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবেনা।

১৫. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান কর হবে।

১৬. হাট-বাজার ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭. চুক্তিপত্রের যে কোন শর্ত লঙ্ঘিত হলে ইজারা বাতিল করা যাবে।

১৮. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যাতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৫.০১.২৪

(মোঃ আরিফুল ইসলাম প্রিন্স)
উপজেলা নির্বাহী অফিসার
দুর্গাপুর, নেত্রকোণা।

স্মারক নং-০৫.৩০.৭২১৮.০০২.০৭.০০১.১১-১২০ তারিখ ঃ ২৫ জানুয়ারি, ২০২৪

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১) জেলা প্রশাসক, নেত্রকোণা।

০২) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা।

০৩) সহকারী কমিশনার(ভূমি), দুর্গাপুর, নেত্রকোণা।

০৪) মেয়র, দুর্গাপুর পৌরসভা, দুর্গাপুর, নেত্রকোণা (বহুল প্রচারের অনুরোধসহ)।

০৫ অফিসার ইন-চার্জ, দুর্গাপুর থানা (নোটিশ বোর্ডে প্রচারের জন্য)।

০৬) চেয়ারম্যান, ................................ ইউ.পি.(সকল) (বহুল প্রচারের অনুরোধসহ)।

০৭) ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ................................ ইউনিয়ন ভূমি অফিস (সকল)। উপরিউক্ত বিজ্ঞপ্তিটি তার ইউনিয়নে মাইক ও ঢোল সহরতের মাধ্যমে প্রচারের ব্যবস্হা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৮) জনাব.....................................................................................................................
..............................................................................................................................

২৫.০১.২৪

(মোঃ আরিফুল ইসলাম প্রিন্স)
উপজেলা নির্বাহী অফিসার
দুর্গাপুর, নেত্রকোণা।